ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৪১

আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় ‘ত্রিপুরায় বন্ধ বহু সরকারি স্কুল বাড়ছে মদের দোকানের সংখ্যা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি বিদ্যালয় শিক্ষা দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, সংবাদে ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত ৫২২টি সরকারি স্কুল বন্ধ হয়ে গেছে, এছাড়া আরও ৯৩৫টি স্কুল বন্ধ করে দেওয়ার উদ্যোগ চলছে। এর মধ্যে জিরানীয়া মহকুমাতেই নাকি ২৬টি স্কুল বন্ধ করে দেওয়া হয়েছে বলে প্রকাশিত হয়েছে কিন্তু বিষয়টি সত্য নয়। প্রকৃত তথ্য হল জিরো এনরোলমেন্ট-এর জন্য মাত্র ৭টি বিদ্যালয় বন্ধ করা হয়েছে। এ বিদ্যালয়গুলি হল পশ্চিম ত্রিপুরা জেলার হিন্দি-ইংলিশ মিডিয়াম এস বি স্কুল এবং রবিদাস পাড়া জেবি স্কুল, দক্ষিণ ত্রিপুরা জেলার বটতলা জেবি স্কুল, পূর্ব শঙ্করপুর জেবি স্কুল, বালির পাথর জেবি স্কুল, পূর্ব শ্রীপুর জেবি স্কুল এবং ইন্দিরা কলোনী জেবি স্কুল। জিরানীয়া মহকুমায় এখন পর্যন্ত কোন স্কুল বন্ধ করা হয়নি এবং ভবিষ্যতে বন্ধ করার পরিকল্পনাও নেই। কেবলমাত্র এসএমসি’র সিদ্ধান্ত নেওয়ার পর জেলা শিক্ষা আধিকারিকদের মতামত, স্থানীয় জনগণ বা জনপ্রতিনিধিদের দাবির পরে স্কুল বন্ধ করা হয়েছে।

******